

প্যারিসের চিঠি

ওয়াসিম খান পলাশ
প্যারিস থেকে

ফেত দো লা মিউজিক
মিউজিক ফ্যাস্টিভাল



১৯৮১ সালের একটি ঘটনা। সে সময়ের কালচারাল মিনিষ্টার Jack Lang এবং জাতীয় মিউজিক এবং নৃত্যতত্ত্ব বিভাগের ডিরেক্টর Maurice Fleuret কোন এক অনুষ্ঠানে আমন্ত্রিত হন। অনুষ্ঠানে সৌজন্য সাক্ষাতকালে Maurice Fleuret কালচারাল মিনিষ্টার Jack Lang কে সর্বপ্রথম ফেত দো লা মিউজিকের একটি ধারণা দেন। সংস্কৃতিমণ্ডল Jack Lang এ প্রস্তুত খুব আগ্রহ প্রকাশ করেন এবং ধারণাটি দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নেন।

অতপর ১৯৮২ সালে ফেত দো লা মিউজিক ফরাসি কালচারে নতুন দিগন্ত উন্মোচিত হয়। ১৯৮২ সালের ২১ জুন প্রায় ৫০০০ লোক যাদের অধিকের বেশী ছিল তরুন, বাদ্যযন্ত্র নিয়ে রাস্তায় নেমে পড়েন। এখান থেকেই ফেস্টিভালটি শুরু।

প্রতিবছর ২১ জুন ফ্রান্সে মিউজিক ফ্যাস্টিভাল বা ফরাসিতে 'ফেত দো লা মিউজিক দিবস হিসেবে পালিত হয়। দিবসটি সরকারী ছুটির দিন না হলেও অফিস আওয়ারের পর বিকেল থেকে শুরু হয় মিউজিক ফেস্টিভাল। ওপেন কনসার্ট। প্যারিসের ঐতিহাসিক স্থানগুলোতে বিশাল বিশাল মঞ্চ বানিয়ে, রং বেংয়ের আলোকসজ্জা করে প্যান্ডেল সাজানো হয়। শহরের রিপাবলিক, আইফেল টাওয়ার এবং লা দেফন্স এলাকায় জাতীয় পর্যায়ের কনসার্ট গুলো হয়ে থাকে। কনসার্ট গুলো সরকারী ও বেসকারী টেলিভিশন চ্যানেল গুলোতে সরাসরি প্রচার করা হয়। ফেত দো লা মিউজিক কনসার্টে ফ্রান্সের জনপ্রিয় সব গায়ক-গায়িকারা অংশ গ্রহন করে থাকে। এছাড়াও অন্যান্য দেশের শিল্পীরা এই মিউজিক ফ্যাস্টিভালে গান গেয়ে থাকে। প্রত্যেকেই তাদের লেটেস্ট এলবামের জনপ্রিয় গানটি গেয়ে থাকেন। আর প্রতিটি গানের সাথে থাকে চোখ ধাধানো কোরিওগ্রাফি। টেলিভিশনের জনপ্রিয় উপস্থাপকরা এই অনুষ্ঠানগুলো উপস্থাপনা করে থাকেন।

ফেত দো লা মিউজিকের প্রতিটি অনুষ্ঠানে লাখেরও বেশী দর্শক সরাসরি কনসার্ট উপভোগ করে থাকেন। ছেলে- মেয়ে, বন্ধু-বৃদ্ধা সবাই কনসার্টে আসেন। নেচে গেয়ে আনন্দ ফুটি করে কাটাতে। দূর দূরান্ত থেকে প্লেনে, ট্রেনে, বাসে,কারে করে ছেলে-মেয়েরা দল বেধে কনসার্টে আসে। রাত ২.০০ টা – ৩.০০ টা পর্যন্ত চলে এই কনসার্ট। মিড নাইটের পর মেট্রো, বাস, ট্রেন চলাচল বন্ধ হয়ে গেলে হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষ রাস্তায় নেমে পড়ে। সারা রাত নেচে গেয়ে কখনোবা

বিয়ার টেনে, মদ খেয়ে, হৈচৈ করে রাত পার করে দেন তারা। এদিনে বিশেষ বিশেষ এলাকার স্নাকস,ক্যাফে বার, ফাষ্ট ফুডের দোকানগুলো সারারাত খোলা থাকে।

মিউজিক ফ্যাশ্টিভাল শুধু মাত্র প্যারিসেই সীমাবদ্ধ নয়। ফ্রান্সের ৯৫ টি ডিপার্টমেন্টের প্রতিটিতে সরকারী ও বেসরকারী পর্যায়ে ফেত দো লা মিউজিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। স্থানীয় কোন স্টেডিয়াম, মিউনিসিপ্যালিটি চত্তরে বা প্রসস্ত কোন রাস্তায় কনসার্ট করে হয়ে থাকে। ইতিমধ্যেই ফেত দো লা মিউজিক ফ্রান্সের একটি জাতীয় ফ্যাশ্টিভালে পরিণত হয়েছে। যুবক – যুবতী, মধ্যবয়সী নারী- পুরুষ সবার মনে গেথে গেছে।

বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশে এই দিনে মিউজিক ফ্যাশ্টিভাল পালিত হচ্ছে। গতবছর বিশ্বের ১৭২ টি দেশে ফেত দো লা মিউজিক পালিত হয়েছে। প্রতিটি দেশেই সে দেশের নিজস্ব সংগীত নিজেদের মত করে উপস্থাপনা করেছে। অচিরেই ২১ শে জুনকে ‘ইন্টারন্যাশনাল মিউজিক ফ্যাশ্টিভাল ডে’ হিসেবে ঘোষিত হতে পারে।

polashsl@yahoo.fr

Paris

09/04/2009